এবার ‘সীমিত পরিসরে’ সিলেটের পর্যটনকেন্দ্র খোলার দাবি

চেম্বার ডেস্ক:: এবার স্বাস্থ্যবিধি মেনে সীমিত আকারে হলেও ঈদে পর্যটনকেন্দ্র খুলে দেওয়ার দাবি জানিয়েছে সিলেটের পর্যটনবিষয়ক স্বেচ্ছাসেবী সংগঠন ‘সিলেট ট্যুরিজম ক্লাব’।

মঙ্গলবার (১১ মে) গণমাধ্যমে প্রেরিত এক বিবৃতিতে ক্লাব সভাপতি হুমায়ুন কবির লিটন ও সাধারন সম্পাদক ফখরুল ইসলাম মিয়া এই দাবি জানান।

সিলেট ট্যুরিজম ক্লাবের পক্ষ থেকে জানানো হয় ‘চলতি বছরে করোনার দ্বিতীয় ঢেউয়ের শুরুতে সবকিছু বন্ধ থাকলেও এখন সীমিত আকারে খুলে দেওয়া হচ্ছে। অনেক দিন বন্ধ থাকায় সম্ভাবনাময় এই শিল্পে এখন দুঃসময় ভর করছে। ইতিমধ্যে কর্ম না থাকায় সিলেটের পর্যটনশিল্পে জড়িত প্রায় ১০ হাজার প্রান্তিক জনগোষ্ঠী বেকার হয়ে পড়েছেন।

দেশব্যাপি লকডাউন থাকায় গত এপ্রিল থেকে পর্যটকশূন্য সিলেট। এতে লোকসান গুণছেন পর্যটনখাতের উদ্যোক্তারাও। চাকরি হারানো ঝুঁকিতে এই শিল্পে জড়িত কয়েক হাজার মানুষ। এ অবস্থায় স্বাস্থ্যবিধি মেনে সীমিত আকারে হলেও ঈদে সিলেটের সব পর্যটনকেন্দ্র খুলে দেওয়ার দাবি জানানো হয় ক্লাবের পক্ষ থেকে। একই সাথে বেকার হয়ে পড়া এই শিল্পে জড়িত প্রান্তিক জনগোষ্ঠীকে ঈদের পূর্বে আর্থিক সহায়তার দাবি জানান ক্লাব নেতৃবৃন্দ।